

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০৩]

8/ কিতাবুস স্থলাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. মুসল্লীর জন্য সুতরা, সুতরার দিকে সালাত আদায় করার নির্দেশ, মুসল্লীর সম্মুখ দিয়ে যাতায়াত নিষেধ ও তার হুকুম এবং যাতায়াতকারীকে বাধাপ্রদান, মুসল্লীর সম্মুখে শয়ন করার বৈধতা, সাওারীর দিকে মুখ করে সালাত আদায় করা, সুতরার নিকটবর্তী হওয়ার নির্দেশ, সুতরার পরিমাণ ও তৎসংশ্লিষ্ট বিষয়াদি

باب سُتْرَةِ الْمُصلِّي

## আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَزُهَيْرُ بْنُ حَرْب، جَمِيعًا عَنْ وَكِيع، - قَالَ زُهَيْرٌ حَدَّتَنَا وَكِيعٌ، - حَدَّتَنَا سُفْيَانُ، حَدَّتَنَا عَوْنُ بْنُ أَبِي جُحَيْفَةَ، عَنْ أَبِيهِ، قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم بِمَكَّةَ وَهُوَ بِالأَبْطَحِ فِي قُبَّةٍ لَهُ حَمْرَاءَ مِنْ أَدَمٍ - قَالَ - فَخَرَجَ بِلاَلُ بوضُوئِهِ فَمِنْ نَائِلِ وَنَاضِحٍ - قَالَ - فَخَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم عَلَيْهِ حُلَّةٌ بوضُوئِهِ فَمِنْ نَائِلِ وَنَاضِحٍ - قَالَ - فَخَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم عَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ كَأَنِي أَنْظُرُ إِلَى بَيَاضِ سَاقَيْهِ - قَالَ - فَتَوَضَّا وَأَذَّنَ بِلاَلُ - قَالَ - فَجَعَلْتُ حَمْرَاءُ كَأَنِي أَنْظُرُ إِلَى بَيَاضِ سَاقَيْهِ - قَالَ - فَتَوَضَّا وَأَذَّنَ بِلاَلُ - قَالَ - فَجَعَلْتُ أَتَتَبُّعُ فَاهُ هَا هُنَا وَهَا هُنَا - يَقُولُ يَمِينًا وَشِمَالاً - يَقُولُ حَيَ عَلَى الصَّلاَةِ حَيَّ عَلَى الصَّلاَةِ حَيَّ عَلَى الْفَلاحِ - قَالَ - ثُمَّ رُكِزَتْ لَهُ عَنَزَةٌ فَتَقَدَّمَ فَصَلَّى الظُّهْرَ رَكْعَتَيْنِ يَمُرُّ بَيْنْ يَدَيْهِ الْحِمَارُ وَلَاكُلْبُ لاَ يُمْنَعُ ثُمَّ صَلَّى الْعُصْرَ رَكْعَتَيْنِ ثُمَّ لَمْ يَزَلْ يُصِلِّي رَكْعَتَيْنِ مَرَّ مَنَ مَ مَلَى الْعَصْرَ رَكْعَتَيْنِ ثُمَ لَمْ يَزَلْ يُصَلِّي رَكْعَتَيْنِ حَتَّى رَجَعَ إِلَى الْمَدِينَةِ .

## বাংলা

১০০২। আবৃ বকর ইবনু আবৃ শায়বা ও যুহায়র ইবনু হারব (রহঃ) ... আবৃ জুহায়ফা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি মক্কায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলাম। তখন তিনি আবতাহ নামক স্থানে লাল চামড়ার তাবুতে অবস্থান করছিলেন। বিলাল (রাঃ) তার উযূর পানি নিয়ে বের হলেন, অতঃপর কেউ অবশিষ্ট পানি পেল আর কেউ অন্যের নিকট থেকে পানির ছিটা নিল। আবৃ জুহায়ফা (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লাল চাঁদর গায়ে দেয়ে বের হলেন। আমি যেন এখনও তাঁর পায়ের গোছাদ্বয়ের শুভ্রতা দেখতে পাচ্ছি। তিনি উয় (ওজু/অজু/অযু) করলেন এবং বিলাল (রাঃ) আযান দিলেন।

আমি দেখেছিলাম তিনি عَلَى الْفَلاَحِ এবং حَى عَلَى الْفَلاَحِ वलाর সময় এদিক-ওদিক অর্থাৎ ডানে ও বামে



মুখ ফিরাচ্ছেন। অতঃপর তার জন্য অগ্রভাগে লৌহযুক্ত ছোট যষ্টি (আনাযা) পুঁতে দেয়া হল। তিনি সামনে এগিয়ে গেলেন এবং যুহরের দু'রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করলেন। তাঁর সামনে দিয়ে গাধা, কুকুর আসা-যাওয়া করছিল। তিনি তাদের বাধা দেননি। তারপর আসরের দু-রাকআত সালাত আদায় করলেন। এরূপে মদিনায় পৌছা পর্যন্ত তিনি দুই দুই রাক'আত সালাত আদায় করেছেন।

## **English**

Abu Juhaifa reported it on the authority of his father:

I came to the Messenger of Allah (\*\*) in Mecca and he was (at that time) at al- Abtah in a red leather tent. And Bilal stepped out with ablution water for him. (And what was left out of that water) some of them got it (whereas others could not get it) and (those who got it) rubbed themselves with it. Then the Messenger of Allah (\*\*) stepped out with a red mantle on him and I was catching a glimpse of the whiteness of his shanks. The narrator said: He (the Holy Prophet) performed the ablution. and Bilal pronounced Adhan and I followed his mouth (as he turned) this side and that as he said on the right and the left:" Come to prayer, come to success." 'A spear was then fixed for him (on the ground). He stepped forward and said two rak'ahs of Zuhr, while there passed in front of him a donkey and a dog, and these were not checked. He then said two rak'ahs of the 'Asr prayer, and he then continued saving two rak'ahs till he came back to Medina.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু জুহাইফাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন